পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/ ৩৮২ তারিখ ঃ ১২/০৬/২০২১ ইং

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের জন্য **স্থায়ী** ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১) অর্থনীতি বিভাগ সহযোগী অধ্যাপক (৫০০০০-৭১২০০) (গ্রেড-৪)	০১টি	ক) কোন পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে সম্মান ও মাস্টার্স উভয় পরীক্ষায় গ্রেডিং পয়েন্টে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫ অথবা সনাতন পদ্ধতিতে প্রথম শ্রেণি থাকতে হবে। খ) এসএসসি ও এইচএসসি **প্রত্যেকটি** পরীক্ষায় নূন্যতম সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে প্রথম বিভাগ থাকতে হবে। গ) কোন পরীক্ষায় সিজিপিএ ২.৫০-এর কম / ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। ঘ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদেরকে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০৭(সাত) বছরের শিক্ষকতার সক্রিয় অভিজ্ঞতা, কমপক্ষে তিনটি স্নাতকোত্তর পর্যায়ের থিসিস গবেষণা পরিচালনা (Supervision) এর অভিজ্ঞতা ও সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৪(চার) বছরের শিক্ষকতার সক্রিয় অভিজ্ঞতাসহ স্বীকৃত (referred) জার্নালে বিষয় সংশ্লিষ্ট অন্ততঃ ০৫(পাঁচ)টি প্রকাশনা যার মধ্যে সহকারী অধ্যাপক পদে থাকাকালীন কোন স্বীকৃত জার্নালে অন্তত: ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে। অথবা সংশ্লিষ্ট বিষয়ে এমফিল ডিগ্রিধারী প্রার্থীদেরকে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০৮(আট) বছরের শিক্ষকতার সক্রিয় অভিজ্ঞতা, কমপক্ষে দুইটি স্নাতকোত্তর পর্যায়ের থিসিস গবেষণা পরিচালনা (Supervision) এর অভিজ্ঞতা ও সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৪(চার) বছরের শিক্ষকতার সক্রিয় অভিজ্ঞতাসহ স্বীকৃত (referred) জার্নালে বিষয় সংশ্লিষ্ট অন্ততঃ ০৫(পাঁচ)টি প্রকাশনা যার মধ্যে সহকারী অধ্যাপক পদে থাকাকালীন কোন স্বীকৃত জার্নালে অন্তত: ০৩(তিন)টি প্রকাশনা থাকতে হবে। অথবা যে সকল সহকারী অধ্যাপকের উচ্চতর ডিগ্রি নেই তাঁদের ক্ষেত্রে ১২ (বারো) বছরের শিক্ষকতার সক্রিয় অভিজ্ঞতার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৫(পাঁচ) বছরের শিক্ষকতার সক্রিয় অভিজ্ঞতা থাকতে হবে এবং বিষয় সংশ্লিষ্ট মোট ০৪(চার)টি প্রকাশনা থাকেতে হবে যার মধ্যে সহকারী অধ্যাপক পদে থাকাকালীন কোন স্বীকৃত জার্নালে অন্তত: ০২(দুই)টি প্রকাশনা থাকতে হবে।

শর্তাবলী ঃ

১) **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ০৪/০৭/২০২১ ইং।** সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা, বরাবরে উক্ত তারিখের (০৪/০৭/২০২১ ইং) মধ্যে কার্যদিবসে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে। **উল্লেখ্য, এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত শিক্ষক পদের আবেদনের শেষ তারিখ পর্যন্ত বা তারপরও সরকারি সিদ্ধান্ত অনুযায়ী যদি লকডাউন জারি থাকে সেক্ষেত্রে লকডাউন যতদিন থাকবে ততদিন এবং তার সাথে আরো ০৭(সাত) দিন পর্যন্ত আবেদনের সময়সীমা বিদ্যমান থাকবে।**

২) আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইট (www.pust.ac.bd)-এ প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে ঃ
(ক) সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি (ঘ) অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (ঙ) প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (চ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

৩) (ক) সকল পদের প্রার্থীদের জন্য ০৮ (আট) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
(খ) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৪) চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকুলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৬) এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আপগ্রেডেশন নীতিমালার আলোকে অভ্যন্তরীণ যে সকল শিক্ষক ইতিমধ্যে সংশ্লিষ্ট পদে আপগ্রেডেড হয়েছেন, তাঁদের ক্ষেত্রে শর্ত শিথিলযোগ্য।

৭) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি শর্ত শিথিলযোগ্য এবং নির্ধারিত যোগ্যতার অতিরিক্ত প্রকাশনার জন্য প্রার্থী সর্বোচ্চ ১(এক) বছর রেয়াতি সুবিধা প্রাপ্য হবেন।

৮) স্বীকৃত জার্নাল বলতে ISSN নম্বর সম্বলিত **Peer Reviewed** গবেষণা জার্নাল অথবা ISBN নম্বর সম্বলিত গবেষনা পুস্তক বুঝাবে।

৯) বিভাগীয় প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।

১০) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১) প্রত্যেক প্রার্থীর তাঁর প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা প্রার্থী, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।

১২) প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/ মৌখিক পরীক্ষায় ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩) **পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**-এর অনুকুলে জনতা ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে সকল প্রার্থীদের ৫০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

১৪) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

অধিকতর যোগ্যতা সম্পন্ন/ বিভাগীয় প্রার্থী/ পাবলিক বিশ্ববিদ্যালয়ে এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পদের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২/০৬/২০২১

রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।